INNOVISION
Research | Technical Assistance | Project Management

অবিলম্বে প্রকাশের জন্য

**ঢাকা–১৮ জানুয়ারি ২০২৬**–INNOVISION Consulting তাদের গবেষণা **"Urban Mobility Study: Rickshaws in Transition"** - এর ফলাফল প্রকাশ করেছে, যা ঢাকার রিকশা খাতে প্যাডেল চালিত রিকশা থেকে ব্যাটারি চালিত রিকশায় দ্রুত রূপান্তরের চিত্র বিশ্লেষণ করা হয়েছে। আজ ঢাকায় অনুষ্ঠিত একটি আলোচনা সভায় গবেষণার মূল ফলাফল উপস্থাপন করা হয়।

ব্যাটারি চালিত রিকশা–যা সাধারণভাবে *"বাংলা টেসলা"* নামে পরিচিত–সম্প্রতি যানজট, সড়ক নিরাপত্তা, অনানুষ্ঠানিক কর্মসংস্থান এবং নিয়ন্ত্রণ ব্যবস্থার দৃষ্টিকোণ থেকে ব্যাপক আলোচনার জন্ম দিয়েছে। এই প্রেক্ষাপটে, ঢাকা উত্তর ও দক্ষিণ সিটি কর্পোরেশন যৌথভাবে বুয়েট অনুমোদিত ব্যাটারি রিকশার পাইলট প্রকল্প চালু করায় গবেষণাটি বিশেষ গুরুত্ব বহন করছে।

INNOVISION Consulting -এর ব্যবস্থাপনা পরিচালক জনাব মোঃ রুবাইয়াত সরোয়ার গবেষণার প্রধান ফলাফল উপস্থাপন করেন। এই গবেষণায় চালক, যাত্রী এবং গ্যারেজ মালিকদের দৃষ্টিকোণ থেকে ঢাকার রিকশা ব্যবস্থার অর্থনৈতিক ও সামাজিক পরিবর্তন বিশ্লেষণ করা হয়েছে।

গবেষণাটি ঢাকার বিভিন্ন এলাকা থেকে সংগৃহীত ৩৮৪ জন রিকশা চালক, ৩৯২ জন যাত্রী এবং ৬৩ জন গ্যারেজ মালিকের তথ্যের উপর ভিত্তি করে পরিচালিত।

**মূল ফলাফলগুলো হলো:**
**অনানুষ্ঠানিকতা ও নিয়ন্ত্রণ:** ঢাকার রিকশার বড় অংশ এখনো নিবন্ধনবিহীন। ৯৭.৪% ব্যাটারি রিকশা এবং ৮৫.৯৪% প্যাডেল রিকশা নিবন্ধনের বাইরে পরিচালিত হচ্ছে।

**চালকদের প্রোফাইলে পরিবর্তন:** ব্যাটারি রিকশা তুলনামূলকভাবে তরুণ চালকদের আকৃষ্ট করছে। ব্যাটারি রিকশা চালকদের গড় বয়স ৩৮ বছর, যেখানে প্যাডেল রিকশা চালকদের গড় বয়স ৪২ বছর। উল্লেখযোগ্যভাবে, ৭৫% ব্যাটারি রিকশা চালক নতুন, যারা আগে প্যাডেল রিকশা চালাননি।

**আয় ও ব্যয় কাঠামো:** ব্যাটারি রিকশা চালকদের মোট দৈনিক আয় (৮৮০ টাকা) প্যাডেল রিকশা চালকদের (৫৯৪ টাকা) তুলনায় বেশি। তবে উচ্চ ভাড়ার কারণে ভাড়াকৃত ব্যাটারি রিকশার নিট আয় কম। নিজের মালিকানাধীন ব্যাটারি রিকশা সবচেয়ে বেশি আয় নিশ্চিত করে।

**অর্থায়ন ও ঋণঝুঁকি:** ব্যাটারি রিকশা চালকরা প্রধানত ভাড়া ও মাইক্রোফাইন্যান্স ঋণের ওপর নির্ভরশীল। তাদের গড় ঋণের পরিমাণ (৭৯,৯২৭ টাকা) প্যাডেল রিকশা চালকদের তুলনায় অনেক বেশি।

**যাত্রীদের দৃষ্টিভঙ্গি:** যাত্রীরা প্রধানত স্বল্প দূরত্বে (১-৩ কিমি) চলাচলের জন্য রিকশা ব্যবহার করেন। ৮২% যাত্রী দ্রুত যাতায়াতের কারণে ব্যাটারি রিকশা বেছে নেন, তবে দুর্ঘটনা ও নিরাপত্তা নিয়ে উদ্বেগ রয়েছে। ব্যাটারি রিকশায় দুর্ঘটনার হার তুলনামূলকভাবে বেশি এবং আঘাত গুরুতর।

**যানজট ও জনমত:** ৬২% যাত্রী মনে করেন ব্যাটারি রিকশা যানজটের প্রধান কারণ। নিয়ন্ত্রণ ব্যবস্থার পক্ষে জনসমর্থন জোরালো–৫৬.৬% কঠোর নিয়ন্ত্রণের পক্ষে এবং ২১.৯% সম্পূর্ণ নিষেধাজ্ঞার পক্ষে।

**গ্যারেজ মালিকদের অভিজ্ঞতা:** ৮৬% গ্যারেজ মালিকের প্রধান জীবিকা রিকশা ভাড়া। অধিকাংশ মালিক ব্যাটারি রিকশাকে বেশি লাভজনক মনে করলেও রক্ষণাবেক্ষণ ব্যয় ও মেরামতের সমস্যার কথা উল্লেখ করেছেন।

**সুপারিশ:**

গবেষণাটি নিম্নোক্ত সুপারিশ প্রদান করে–

- ব্যাটারি রিকশার ডিজাইন মানসম্মত করা
- প্যাডেল থেকে ব্যাটারিতে রূপান্তরে সহায়ক নীতিমালা
- স্বল্পসুদে ঋণের মাধ্যমে নিবন্ধন ও আনুষ্ঠানিকতা উৎসাহিত করা
- চালকদের ট্রাফিক প্রশিক্ষণ ও নিরাপত্তা সচেতনতা
- বিকল্প স্বল্প দূরত্ব পরিবহন ও হাঁটাচলার অবকাঠামো উন্নয়ন

INNOVISION Consulting মনে করে, অন্তর্ভুক্তিমূলক নিয়ন্ত্রণ ও পরিকল্পিত রূপান্তরের মাধ্যমে রিকশাকে ঢাকার একটি নিরাপদ ও টেকসই নগর পরিবহন ব্যবস্থার অংশ হিসেবে গড়ে তোলা সম্ভব।

INNOVISION Consulting একটি বৈশ্বিক ব্যবস্থাপনা পরামর্শ, গবেষণা ও প্রযুক্তিগত সহায়তা প্রদানকারী প্রতিষ্ঠান। নগর পরিবহন সংক্রান্ত নীতিনির্ধারণে তথ্যভিত্তিক সিদ্ধান্ত সহায়তাই এই গবেষণা উদ্যোগের মূল উদ্দেশ্য।

গবেষণার সকল ফাইল পেতে QR কোডটি স্ক্যান করুন:

**Innovision Consulting Private Limited**

**Bangladesh**
The Alliance Building (3rd floor),
63/ka Pragati Sarani, Baridhara, Dhaka 1212

Telephone: +880 2550 48522
E-mail: info@innovision-bd.com
Website: www.innovision-bd.com